



গতকাল শহীদ মিনারে ছাত্র-শিক্ষক সমাবেশ—ইত্তেফাক

বেসরকারী শিক্ষকদের ধর্মঘট অব্যাহত রাখার সিদ্ধান্ত

(ইত্তেফাক রিপোর্ট)
ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক
স্কুল শিক্ষকরা গতকাল (মঙ্গলবার)
কেন্দ্রীয় শহীদ মিনারে এক সমা-
বেশে আটক শিক্ষকদের মুক্তি
ও ২ ঘণ্টা দাবী পূরণ না হওয়া
পর্যন্ত ধর্মঘট অব্যাহত রাখার
সিদ্ধান্ত পুনরায় ঘোষণা করেন।
আগামীকাল ৬ই মার্চ দেশ-
ব্যাপী স্কুল মাধ্যমিক সার্টিফিকেট
পরীক্ষা শুরু হওয়ার দিনটিতে
তাহারা কর্মবিরতি পালনের জরুরি
পরিবেশন প্রমিত ও সরকারী চতুর্থ
(১২শ পৃ: ৩-এর কঃ প্রঃ)

সরকার এসএসসি পরীক্ষার্থীদের ভাগ্য নিয়া ছিনিমিনি খেলিতে দিবেন না

—শিক্ষামন্ত্রী
শাসন জানায়, শিক্ষামন্ত্রী
অধ্যাপক এম. এ. মতিউল-গত-
কাল সিরাজগঞ্জে বলিয়ারেছেন যে,
অতীতে জনগণ যেভাবে বিরোধী-
দলগুলির অসহযোগ আন্দোলন
প্রত্যাখ্যান করিয়াছে সেভাবে
জনগণ জাইয়েট এ্যাকশনও প্রত্যা-
খ্যান করিবে। জনগণ গণতন্ত্রে
(১২শ পৃ: ৫-এর কঃ প্রঃ)

শিক্ষামন্ত্রী (১ম পৃ: পর)

উত্তরণের জন্য নির্বাচন গায়।
মন্ত্রী সিরাজকোলা ইউনিয়নের
আবদুল্লাহ আল মাহমুদ মোমো-
রিয়াল হাইস্কুল প্রাক্তন এক জন-
সভায় বক্তৃতা করেন।
শিক্ষামন্ত্রী পুনরায় বলেন যে,
সময়সূচী অনুযায়ী ৬ই মার্চ
এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।
তিনি শিক্ষক ও অভিভাবকগণকে
বিরোধীদলগুলির উত্থান হইতে
দূরে থাকার আহ্বান জানান।
শিক্ষামন্ত্রী বলেন, সরকার কতিপয়
লোককে বিরোধীদলগুলির উত্থা-
নিত ৫ লক্ষ এসএসসি পরীক্ষা-
ার্থী ভাগ্য নিয়া ছিনিমিনি খেলিতে
দিবেন না। সভায় সভাপতিত্ব
করেন উপজেলা চেয়ারম্যান শেখ

বেসরকারী শিক্ষকদের (১ম পৃ: পর)

প্রোগ্রাম কর্মচারীদের প্রতি আশ্রয়
জানান।
সমাবেশে শিক্ষক সমিতির
ভারপ্রাপ্ত সভাপতি নজরুল ইস-
লাম বলেন, তাহারা যেকোন
মূল্যে এসএসসি পরীক্ষা প্রতিহত
করিবেন। অশিক্ষকদের উত্থাধানে
এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের
বিরুদ্ধেও তিনি ছিনিমিনি উচ্চারণ
করেন।
২৪ ঘণ্টার মধ্যে দাবী পূরণের
জরুরি সরকারের প্রতি আহ্বান
জানাইয়া তাহারা বলেন, নির্ধারিত
সময়সূচী অনুযায়ী এসএসসি
পরীক্ষা নিতে হইলে দাবী পূরণ
করিতে হইবে। অত্যাচার ১২
মার্চ দাবী পূরণের আগে পরীক্ষা
নেওয়া হইবে না। রওশানা
মাগানের প্রতি ইঙ্গিত দিয়া
তিনি বলেন, সরকার শিক্ষক-
দের নেতা হিসাবে এমন এক
ব্যক্তিকে বাছাই করিয়াছে, যিনি
পেশাদার শিক্ষক নহেন, অধিকন্তু
নিজ স্বার্থ উদ্ধারের জরুরি ধর্মের
নামে ব্যবসা করেন।
খোরশেদ আলম চৌধুরী,
বদরুদ্দিন হাওলাদার, ধীরেন্দ্র
দাস ও মুজিবুর রহমান হাওলা-
দারও সমাবেশে বক্তৃতা করেন।
সমাবেশে শেষে কেন্দ্রীয় শহীদ
মিনার হইতে বেশকিছু স্কুল ছাত্র
সঙ্গে লইয়া ধর্মঘটী শিক্ষকরা মিছিল
সহকারে শিক্ষাভবন 'ঘেরাও'
করিতে অগ্রসর হন। দক্ষিণ
ফটকে পুলিশ তাহাদের বাধা দেয়।
কয়েকজন মহিলা শিক্ষক পুলিশের
বেটনী অতিক্রম করিয়া ভবনের
সামনে বসিয়া পড়েন। শিক্ষক
মিছিলের মধ্যে হইতে ছাত্ররা
পুলিশের প্রতি ইটপাটকেল ছুড়িলে
নিম্বর পরিষদ নেতারা তাহাদের
নিরস্ত করেন। মিছিলে ৬ই মার্চ হর-
তাল্লা ধ্বনি দেওয়া হয়, কিন্তু রাতে
টেলিফোনে শিক্ষক সমিতি কর্তারা
জানান, তাহারা হরতালার
আজ্ঞান জানান নাই।

পরে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত
আসিয়া। শিক্ষকদের অনেকে
চলিয়া যান। মিছিলের অবশিষ্টাংশ
গুলিগান ঘুরিয়া হাটখোলা হইয়া
মতিবিলের দিকে গমনের চেষ্টা
করিলে অফিস চলাকালীন সময়ে
মতিবিলে মিছিল নিষিদ্ধ—এ
মুক্তিতে পৌর শিশু উত্তানের
কাছে পুলিশ মিছিল আটকায়।
সেখানে হাজারের পর মিছিল
জনতা ভবনের কাছে ছুটিয়া
আসে। এ পর্যায়ে শিক্ষক-
দের পিছনে রাখিয়া ২৫/৩০ জন
ছাত্র ও তরুণের একটি অংশ
দুই-তিনজন শিক্ষককে সাথে
লইয়া হাটখোলা মোড়ে আসে
এবং ইত্তেফাক কাৰ্যালয়ে ইট-
পাটকেল ছুটিয়া মতিবিলের
দিকে অগ্রসর হয়। গত রাতে
আমানুল্লাহ-আজিজ গ্রুপ হইতে
বিভক্ত আবদুল-মুন্স-নজরুল গ্রুপের
শিক্ষক সমিতি মুখপাত্র জানান,
তাহাদের সদস্যদের নেতৃত্বেই এ
মিছিল পরিচালিত হইয়াছিল।
আমাদের সিরাজগঞ্জ সংবাদ-
দাতার ফোন গতকাল সিরাজগঞ্জ
শহরে ধর্মঘটী শিক্ষক, ছাত্র ও
অভিভাবকদের একটি মিছিল
শহর প্রদক্ষিণ করে। তাহারা জেলা
প্রশাসকের অফিসে স্মারকলিপি
প্রদান করে। এ সময় সিরাজগঞ্জ
উপজেলা পরিষদের একটি জীপ
(পাবনা-ক-১৬৩৮) ভাংচুর করা
হয়। জীপটি সিরাজগঞ্জ পরীক্ষা
কেন্দ্রের জন্য ষাভাপত্র লইয়া
আসিয়াছিল। জীপে রক্ষিত
ষাভাপত্র খোয়া যায় নাই বা
খিনট হয় নাই বলিয়া জেলা
প্রশাসক জানাইয়াছেন। জেলার
১২টি পরীক্ষা কেন্দ্রে চারশত
গজের মধ্যে ১৪৪ খারা জারি
করা হইয়াছে।
চট্টগ্রাম অফিস জানায়, গত-
কাল জেলা প্রশাসকের অফিস
প্রাক্তনে শিক্ষকরা অবস্থান ধর্মঘট
করে। তাহারা এক সভায় মিলিত
হয় এবং সভাশেষে বিক্ষোভ
মিছিল করে।
বরিশাল, পিরোজপুর, পাবনা,
ফরিদপুর, রাজবাড়ী, কুষ্টিয়া,
বগুড়া, মাগুরা, নাটোর, রংপুর,
টাঙ্গাইল, নওগাঁ, নরসিংদী, চাঁদ-
পুর, গফরগাঁও, কুড়িগ্রাম হইতে
আমাদের সংবাদদাতাগণ ফোনে
জানান, গতকাল এইসব স্থানে
ধর্মঘটী শিক্ষকরা স্লোগানসহকারে
বিক্ষোভ মিছিল বাহির করে।

বিভিন্ন স্থানে সভা অনুষ্ঠিত হয়।
১৫ ও ৭ দল এবং ছাত্র সংগ্রাম
পরিষদের স্থানীয় নেতৃবৃন্দ বিভিন্ন
স্থানে সভা ও মিছিলে অংশ
নেন। তাহারা অবিলম্বে বেসর-
কারী মাধ্যমিক স্কুলের শিক্ষকদের
দাবী পূরণ ও গ্রেফতারকৃত শিক্ষক-
শিক্ষিকাদের মুক্তির দাবী জানান।
এইসব স্থানের প্রশাসন কত-
পক্ষের নিকট তাহারা স্মারকলিপি
প্রদান করেন এবং ৬ই মার্চ
হরতালার ডাক দেন।